প্রথম আলো

তারিখ 18 JUL 2016
পৃষ্ঠা ২...৩ কলাম ...



রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে গতকাল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মালিক ও উপাচার্যদের সঙ্গে সরকারের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সম্প্রতি গুলশান ও শোলাকিয়ায় জঙ্গি হামলায় নিহত ব্যক্তিদের স্মরণে সভার শুরুতে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয় ● ছবি : প্রথম আলো

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মালিক-উপাচার্যদের সঙ্গে সরকারের মতবিনিময়

# শিক্ষাপ্রতিষ্ঠানে জঙ্গিবিরোধী কমিটি গঠন করতে হবে

## সরব রাজনীতি চায় ছাত্রলীগ

নিজস্ব প্রতিবেদক ●

জঙ্গিবাদ দমনে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থী ও শিক্ষকদের সমন্বয়ে কমিটি গঠন করতে হবে। আইনি ব্যবস্থার পাশাপাশি গড়ে তুলতে হবে সামাজিক আন্দোলন। এ জন্য দরকার সমন্বিত প্রয়াস।

রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে গতকাল রোববার জননিরাপত্তা ও আইনশৃঙ্খলা বিষয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও মালিকদের সঙ্গে সরকারের এক মতবিনিময় সভায় এ আহ্বান উঠে আসে। সকাল সোয়া ১০টা থেকে বেলা ২টা পর্যন্ত চলা এ মতবিনিময় সভায় ২০ জনের বেশি বক্তা বক্তব্য দেন। সভায় ৯৫টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মালিক ও উপাচার্যদের বেশির ভাগই উপস্থিত ছিলেন।

গুলশানে হলি আর্টিজান রেস্তোরাঁ ও শোলাকিয়ায় জঙ্গি হামলার ঘটনায় অংশ নেওয়া তরুণদের মধ্যে কয়েকজন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিলেন। সন্দেহভাজন হিসেবে নিখোঁজ কয়েকজনও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। এ পরিপ্রেক্ষিতে জঙ্গিবাদ দমনের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে এ মতবিনিময় সভার ব্যবস্থাপনায় ছিল বাংলাদেশ পুলিশ। পাবলিক বিশ্ববিদ্যালয়, কলেজ ও মাদ্রাসার সঙ্গেও বৈঠক করবে সরকার।

মতবিনিময় সভায় উপস্থিত একাধিক ব্যক্তি নিজেদের মধ্যে আলাপে বলেন, এত দীর্ঘ সময়
বরং জঙ্গিবাদ মোকাবিলায় সরব
বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে আর
দিলে সেটা হয়তো বেশি কার্যকর হ

মতবিনিময় সভায় মুক্ত আলোচন





66 গুলশান ও শোলাকিয়ায় হামলার ব্যাপারে আগাম গোয়েন্দা তথ্য ছিল

আসাদুজ্জামান খান
স্বরাষ্ট্রমন্ত্রী

66 কিছু কিছু প্রতিষ্ঠানে উগ্রবাদের চর্চা হয়েছে, যাতে কিছু শিক্ষার্থী বিপথগামী হয়েছে

নুরুল ইসলাম নাহিদ
শিক্ষামন্ত্রী

নির্ধারিত বক্তাদের বাইরে কেউ কথা বলতে পারেননি। নির্ধারিত আলোচনাতেও সরকারের ব্যক্তিরাই বেশি সময়

থির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম
ছু কিছু প্রতিষ্ঠানে উগ্রবাদের চর্চা হয়েছে,

লাম ২



# জঙ্গিবিরোধী ... করতে হবে

শেষ পৃষ্ঠার পর

যাতে কিছু শিক্ষার্থী বিপথগামী হয়েছে। জঙ্গিবাদ দমনে আইনি ব্যবস্থার পাশাপাশি সামাজিক আন্দোলন ও প্রতিরোধ গড়ে তুলতে হবে। মন্ত্রী বলেন, জঙ্গি দমনের জন্য প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে কমিটি গঠন করা হবে।

সভাপতির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, গুলশান ও শোলাকিয়ায় হামলার ব্যাপারে সরকারের কাছে আগাম গোয়েন্দা তথ্য ছিল। গুলশানের ঘটনা ঘটার তিন মিনিটের মাথায় সেখানে পুলিশ পৌঁছায়। পুলিশ আধঘণ্টার মধ্যে ঢুকে যেতে পারত। কিন্তু জিম্মিরা তখন কী অবস্থায় ছিলেন, সেটা বিবেচনা করতে হয়েছে। জঙ্গি সন্দেহে নিখোঁজ ব্যক্তিদের সম্পর্কে মন্ত্রী বলেন, 'অল্প কয়েকজন নিখোঁজ আছে। তাদের কে কোথায় আছে, সে বিষয়ে সুনির্দিষ্ট

পরে শক্ত হাতে দমন করা যাবে।

জঙ্গিদের 'ক্যানসার' উল্লেখ করে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আতিকুল ইসলাম বলেন, তাঁদের বিশ্ববিদ্যালয়ে 'অপারেশন' করে এই ক্যানসার কেটে ফেলা হবে। তিনি